দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 17 SEP 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ......

# শ্রীপুরে বিনা ভোটে ম্যানেজিং কমিটি, প্রতিবাদে শিক্ষার্থীদের ক্লাস বর্জন

■ শ্রীপুর (গাজীপুর) সংবাদদাতা.

উপজেলার একটি বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্যরা বিনা ভোটে নির্বাচিত হওয়ার প্রতিবাদে বুধবার ওই স্কুলের ছাত্র-ছাত্রীরা ক্লাস বর্জন করে বিক্ষোভ মিছিল করেছে। এ ঘটনার জেরে ওই স্কুলের ছাত্র-ছাত্রীরা টানা ক্লাস বর্জনেরও ঘোষণা দিয়েছে। ছাত্র-ছাত্রীদের আন্দোলনের ফলে বুধবার দুপুরে কর্তৃপক্ষ বিদ্যালয় ছুটি ঘোষণা করেন।

জানা যায়, গত ৮ বছর যাবৎ উপজেলার আলহাজ নওয়াব আলী আদর্শ উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটিসহ আভ্যন্তরীণ বিষয় নিয়ে আদালতে একাধিক মামলা-মোকদ্দমা চলছিল। সম্প্রতি স্কুলের প্রতিষ্ঠাতা, দাতাসদস্য পরিবার ও প্রধান শিক্ষকের সমন্বয়ে স্কুলের বিবদমান মোকদ্দমা নিষ্পত্তি হয়। দীর্ঘদিন পর আগামী ৩০ সেপ্টেম্বর অভিভাবকদের ভোটে ম্যানেজিং কমিটি নির্বাচন হওয়ার দিন ধার্য থাকলেও তার পূর্বেই বিনা ভোটে অভিভাবক প্রতিনিধি মনোনীত করে সভাপতি নির্বাচিত করার প্রক্রিয়া শুরু হয়। বিক্ষুব্ধ ছাত্রছাত্রীদের দাবি অবিলম্বে অভিভাবকদের ভোটের মাধ্যমে ম্যানেজিং কমিটির সদস্য গঠন করা হোক। এদিকে স্কুলের প্রধান শিক্ষক আকরাম হোসেনের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তার ফোনটি বন্ধ পাওয়া যায়।